

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহ কর্তৃক প্রেরিত ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ১ম কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: কামাল উদ্দিন তালুকদার।
তারিখ : ০৬/১০/২০১৯ ইং।
সময় : বিকাল ৩.৩০ ঘটিকা।
সভার স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট-‘ক’-তে।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে (ভবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর ১ম কোয়ার্টার এর জাতীয় শুদ্ধাচার কৌশল অগ্রগতি ত্রৈমাসিক সভা গত ০৬/১০/২০১৯ তারিখে বিকাল ৩.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ‘পরিশিষ্ট-ক’-তে দৃষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের NIS-এর টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

আলোচনা :

NIS-এর টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের পরিবীক্ষণ ছক মোতাবেক ১ম কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০১৯-২০ NIS-এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। এ বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.২, ৬.২, ৮.১, ৮.৪, ৯.৫, ১০.২, ১১.১ কার্যক্রমের সংশোধনের বিষয়ে সভায় আলোচনা হয় এবং উল্লিখিত সূচক সময়ের লক্ষ্যমাত্রা সংযুক্ত ছক মোতাবেক সংশোধনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। গত ১৭/০৭/২০১৯ তারিখে ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহিত নিম্নরূপ ক-৬ ক্রমিকের সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছেঃ

- ক) ৩১/০৭/২০১৯ ই তারিখের মধ্যে যে সকল লক্ষ্যমাত্রা ছিল তা বাস্তবায়িত হয়েছে।
- খ) অন্যান্য সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন হয়েছে।
- গ) ৬.৩ মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ এবং সূচক নং ৬.৪ প্রকল্প পরিদর্শন/ পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন বিষয়ে এ বিভাগের কর্মকর্তাদের দায়িত্ব বন্টন করা হয়েছে। এ বিষয়ে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ পরিদর্শন ও সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করেছেন।
- ঘ) ৯.১ সমবায় সমিতির কার্যক্রম পরিদর্শন বিষয়ে এ বিভাগের কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে এবং দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন।
- ঙ) ৯.৪ দুধ এবং দুগ্ধজাত পণ্য উৎপাদন বাজারজাতকরণ কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং বিষয়ে দায়িত্ব বন্টনকৃত কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে এবং দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা পরিদর্শন ও মনিটরিং প্রতিবেদন দাখিল করেছেন।

স্বাক্ষর

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.২, ৬.২, ৮.১, ৮.৪, ৯.৫, ১০.২, ১১.১ সংশোধনের বিষয়ে সর্বসম্মতি-ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সংশোধিত কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।

খ) শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ও সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।

গ) প্রতি কোয়ার্টারে অন্তত: ৩টি করে ভিডিও কনফারেন্স-এর আয়োজন করতে হবে।

ঘ) ই-টেন্ডার কার্যক্রম পরিচালনা করতে হবে।

ঙ) এ বিভাগের সকল শাখায় ও দপ্তর/সংস্থা সমূহের ই-নথির ব্যবহার নিশ্চিত করতে হবে।


চ) ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল দপ্তর/সংস্থা ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হয়েছে তাদেরকে ১ম কোয়ার্টারের ঘাটতিসহ ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।

ছ) জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা, ২০১১ ও জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা, ২০১২ সংশোধনের বিষয়ে সংশ্লিষ্ট শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে অক্টোবর ২০১৯ এর মধ্যে সংশোধনের কার্যক্রম শুরু করতে হবে।

জ) বিআরডিবি এর নেতৃত্বে বিআরডিবি, পিডিবিএফ এবং এসএফডিএফের ঋণ কার্যক্রম মনিটরিংএর জন্য সমন্বিত সফটওয়্যার প্রস্তুতকরণের বিষয়ে ২০১৯ এর মধ্যে কার্যক্রম শুরু করে এ বিভাগকে অবগত করতে হবে।

ঝ) এ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা নিশ্চিত করতে হবে।

০২। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: কামাল উদ্দিন তালুকদার)

সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।